শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২
NAOGAON PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়
নজিপুর, পত্নীতলা, নওগাঁ।
মোবাইল- 01769402190
E-mail : naogaonpbs2@gmail.com
Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০২.০০৮.২২- ১৫৫৫

তারিখঃ ০৯ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২২ খ্রিঃ

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নোক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতি যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ অফিস সেক্রেটারী।

০১। **আবেদন করার নিয়মাবলীঃ**

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্র (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও চাকুরীতে নিয়মিত করণের তারিখ (ঠ) কম্পিউটার অপারেটর পদে পদোন্নতি ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সহ আবেদনপত্র সহকারে আগামী ০৯/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২, নজিপুর, পত্নীতলা, নওগাঁ-তে স্ব-শরীরে উপস্থিত হয়ে পদোন্নতি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি।
(গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি।
(ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(ঙ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(চ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ছ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি দাখিল করতে হবে।
(জ) সকল কাগজপত্র এজিএম (এইচ আর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **প্রার্থীর যোগ্যতাঃ-**

(ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৬০ (ষাট) অথবা বাংলায় ৪০ (চল্লিশ) শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে।
(গ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৩৫ (পঁয়ত্রিশ) অথবা বাংলায় ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।
(ঘ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
(ঙ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্নের ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(চ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।
(ছ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভূক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(জ) দর্শনার্থীর সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে।
(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্ত পূরণ হতে হবে।

০৪। **পদোন্নতির জন্য সাক্ষাতকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ-**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময়কাল পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত ফৌজদারী মামলা অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে ফৌজদারী মামলায় অতিবাহিত সময়কাল পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অফিস সেক্রেটারী (চলতি দায়িত্ব) পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য শর্তাবলী প্রতিপালন স্বাপেক্ষে অফিস সেক্রেটারী পদে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা/সার্ভিস কোড অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৬। অতীত কর্মসম্পাদনের মান ও নির্বাচনী পরীক্ষা সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের মধ্য হতে জ্যেষ্ঠতা হিসেবে সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

০৭। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৮। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকা অর্থাৎ নওগাঁ জেলার পত্নীতলা, মহাদেবপুর (ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন ব্যতীত), পোরশা, সাপাহার, ধামইরহাট উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।

১০। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

১১। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। যে কোন আবেদন পত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

23/03/2022

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার................ পবিস ১/২/৩/৪ (আবেদনপত্র অগ্রগামী করার অনুরোধসহ)।
০৭। ডিজিএম (সদর-কারিগরী)/মহাদেবপুর/পোরশা/সাপাহার/ধামইরহাট জোনাল অফিস, নপবিস-২।
০৮। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি), নপবিস-২।
০৯। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**http://pbs2.naogaon.gov.bd**), নপবিস-২।
১০। অফিস/মাষ্টার কপি।

23/03/2022

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার